তারিখ ... 01 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

সমকাল

# মাধ্যমিক পর্যায়ে ইতিহাস পাঠ বাড়াতে হবে

——— ড. আনিসুজ্জামান

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বিশিষ্ট শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান বলেছেন, মাধ্যমিক পর্যায়ের পাঠ্যবইয়ে ইতিহাসের অংশ বাড়ানো দরকার। এটা ভাবতে দুঃখ লাগে যে, বাংলাদেশের স্কুল পর্যায়ের পাঠ্যবইয়ে ইতিহাসের অংশ খুবই সামান্য।

গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) টিএসসি মিলনায়তনে বাংলাদেশ ইতিহাস পরিষদের সুবর্ণ জয়ন্তীতে জাতীয় ইতিহাস সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

সংগঠনের সভাপতি জাতীয় অধ্যাপক সুফিয়া আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রেখেছেন সাধারণ সম্পাদক অধ্যাপক মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

অনুষ্ঠানে প্রতিষ্ঠান হিসেবে ঢাবি ও ২২ বিশিষ্টজনকে ইতিহাসে অবদান রাখায় সম্মাননা দেওয়া হয়। গত তিন বছরে প্রকাশিত ইতিহাস বিষয়ক তিনটি বইয়ের লেখকরাও পুরস্কৃত হয়েছেন।

ইতিহাস পরিষদের সভাপতি সুফিয়া আহমেদ বলেন, নানা প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করে ইতিহাস পরিষদ অব্যাহতভাবে বাংলা ভাষায় ইতিহাস চর্চা ও গবেষণা করে যাচ্ছে।